

# জোরপূর্বক বিবাহ



SAFETY, TRUST AND RESPECT  
DIOGELWCH, YMDDIRIED A PHARCH



যখন দুইজন লোক একে অপরকে ভালোবাসেন তখন তারা হয়তো বিবাহ করার সিদ্ধান্ত নিতে পারেন। যে কোনও বিবাহতে উভয় পাত্র ও পাত্রীর মনে বিবাহ করার ইচ্ছা এবং সম্মতি থাকা অপরিহার্য।

**জোরপূর্বক কাউকে তাদের ইচ্ছার বিরুদ্ধে কারোর সঙ্গে বিবাহ করতে বাধ্য করা উচিত নয়। এটা অন্যায় এবং আইনের বিরুদ্ধে।**

এমন অনেক কারণ আছে যার ভিত্তিতে কিছু পরিবাররা তাদের সন্তানদেরকে জোরপূর্বক বিবাহ করতে বাধ্য করে, যার মধ্যে নিম্নবর্ণিত অন্তর্ভুক্ত আছে: ধর্মীয় বা সাংস্কৃতিক আচার-অনুষ্ঠান; পরিবারের প্রতিষ্ঠা এবং মান-সম্মান সম্পর্কিত উদ্বেগ; অর্থ; তাদের সন্তানের লেসবিয়ান বা গে বা উভকামী হওয়ার প্রতি তাদের আপত্তি আছে; চান না যে বিবাহের বাইরে তাদের সন্তানদের অন্য কারুর সঙ্গে সম্পর্ক বা যৌন সহবাস হোক; এবং কমিউনিটি বা অন্যান্য পরিবারের সদস্যদের চাপ। তারা হয়তো প্রকৃতপক্ষে মনে করতে পারেন যে এই পদক্ষেপটি আপনার জন্য সেরা হবে।

**উক্ত কোনও কারণই ঠিক নয়।**

## মাতা-পিতার অনুমতিক্রমে অনুষ্ঠিত বিবাহ

কখনও-কখনও দুই পরিবার থেকে মাতা-পিতারা হয়তো তাদের সন্তানদের বিবাহের উপযুক্ত বয়স হলে তাদের বিবাহ করানোর ব্যবস্থা করবেন। যতক্ষণ পর্যন্ত উভয় পাত্র ও পাত্রী একে অপরের সঙ্গে বিবাহ করতে চান এবং বিবাহের জন্য সম্মত হন ততক্ষণ এটা ঠিক আছে।

হ্যাঁ, আমি  
করতে চাই!

(বিবাহ করতে চাই)

## জোরপূর্বক বিবাহ

এটা আলাদা। এই পরিস্থিতি তখন দেখা দেয় যখন পাত্র বা পাত্রীর মধ্যে কোনও একজন বা উভয়কে তাদের ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক বিবাহ করতে বাধ্য করা হয়। যদি আপনার মাতা-পিতা আপনার 'না' বলার অধিকারের সম্মান করেন না তাহলে তাদের অনুমতিক্রমে অনুষ্ঠিত বিবাহ ও একটি জোরপূর্বক বিবাহতে পরিণত হতে পারে।

যদি পাত্র ও পাত্রীর মধ্যে একজনেরও সম্মতি দেওয়ার ক্ষমতা নেই তাহলেও বিবাহটিকে 'জোরপূর্বক' বলা হয়।

(উদা. ১৬ বছরের চেয়ে কম বয়সী ছেলে বা মেয়ে অথবা শিক্ষাগত অক্ষমতা আছে এমন একজন প্রাপ্তবয়স্ক)

আমার কাছে অন্য  
কোনও বিকল্প নেই

Carwa

আপনি হয়তো আপনার বাবা-মা কে ভালোবাসেন তবে আপনি হয়তো আপনার জোরপূর্বক অনুষ্ঠিত বিবাহের বিষয়ে রাগান্বিত বা নার্ভাস কিংবা আকুল ও অনুভব করতে পারেন। তারা হয়তো আপনাকে বলেছেন যে বিবাহ না করে আপনি আপনার পরিবারকে লজ্জিত করছেন। তারা হয়তো এই কথাও বলেছেন যে তারা আপনাকে পরিত্যাগ করবেন বা আপনাকে হয়তো হিংস্র হুমকি দিয়েছেন।

**এটা হচ্ছে নির্যাতন।**

**উদ্ভিন্ন রয়েছেন কি যে আপনাকে জোরপূর্বক কারোর সঙ্গে বিবাহ করতে বাধ্য করা হবে?**

**আপনার পছন্দের বিরুদ্ধে দেওয়া বিবাহে আটকে পড়েছেন কী?**

**আপনি সহায়তা গ্রহণ করতে পারেন!**



এনএসপিচিইসি চাইল্ডলাইন - 0800 11 11- এখানে ১-২-১ অনলাইন চ্যাট।

বিএডার্লুএসও - 0800 731 8147 - ওয়েলসে থাকেন এমন সকল বিএমই লোকদের জন্য তথ্য ও পরামর্শ এবং সহায়তা।

লিভ ফিয়ার ফ্রি - 0808 80 10 800(ফোন) - 0786 00 77 333 (টেক্সট) - [লাইভ চ্যাট](#)

ফোর্সড ম্যারিজ ইউনিট - 020 7008 0151 - [fmu@fco.gov.uk](mailto:fmu@fco.gov.uk) - ওয়েবসাইটের লিঙ্ক [এখানে](#)।

করমা নিরভানা - 0800 5999 247 - ওয়েবসাইটের লিঙ্ক [এখানে](#)।

যদি আপনি মনে করেন যে আপনার জীবন বিপদে রয়েছে তাহলে 999 নম্বরে কল করুন। যদি আপনি মনে করেন যে আপনাকে দেশের থেকে বাইরে নিয়ে গিয়ে জোরপূর্বক বিবাহ করানো হবে তাহলে ফোর্সড ম্যারেজ ইউনিট বা চাইল্ডলাইনের সঙ্গে যোগাযোগ করুন।

ইউকেতে যদি আপনি ১৬ বছরের চেয়ে কম বয়সী হন এবং বিবাহ করার জন্য আপনার উপর জোর দেওয়া হয় তাহলে এটাকে বাল্য বিবাহ বলা হয় এবং এটা বেআইনি।



Live Fear Free Helpline  
Llinell Gymorth  
Byw Heb Ofn

0808 80 10 800



Cymorth i Ferched Cymru  
Welsh Women's Aid